রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ফেব্রুয়ারি ৩, ২০১৬**

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ২১ মাঘ, ১৪২২/০৩ ফেব্রুয়ারি, ২০১৬

নিম্নলিখিত বিলটি ২১ মাঘ, ১৪২২/০৩ ফেব্রুয়ারি, ২০১৬ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে:—

## বা. জা. স. বিল নং ১২/২০১৬

### Court Fees Act, 1870 এর অধিকতর সংশোধনকল্পে আনীত বিল

যেহেতু নিম্নবর্ণিত উদ্দেশ্যসমূহ পূরণকল্পে Court Fees Act, 1870 (Act No. VII of 1870) এর অধিকতর সংশোধন সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন Court Fees (Amendment) Act, 2016 নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **Act No. VII of 1870 এর section 25 এর প্রতিস্থাপন।**—Court Fees Act, 1870 (Act No. VII of 1870), অতঃপর উক্ত Act বলিয়া উল্লিখিত, এর section 25 এর পরিবর্তে নিম্নরূপ section 25 প্রতিস্থাপিত হইবে, যথা :—

> **"25. Collection of Fees by stamps or through electronically or digitally, etc.**—(1) All Fees referred to in section 3 or chargeable under this Act, shall be collected either by receipts or stamps or through electronically or digitally or, in case of scarcity of stamps or non-availability of electronic or digital means, in cash:


মূল্য ঃ টাকা ৪.০০

Provided that fees chargeable for serving and executing processes issued by a Certificate-Officer in the proceedings in execution of certificates filed for recovery of land revenue or rent may be collected in cash or through electronically or digitally.

(2) The Government may, for the purpose of sub-section (1), appoint any Scheduled Bank, mobile operator, mobile phone based financial service (MFS), authority or agent, as it deems fit, to receive such fees.

(3) When a Scheduled Bank, mobile operator, mobile phone based financial service (MFS), authority or agent receives fees through electronically or digitally, it shall grant a receipt or e-receipt accordingly."।

৩। **Act No. VII of 1870 এর section 27 এর সংশোধন**।—উক্ত Act এর section 27 এর—

(ক) clause (c) এ উল্লিখিত "and" শব্দ বিলুপ্ত হইবে; এবং

(খ) clause (d) এর প্রান্তস্থিত কোলন এর পরিবর্তে কমা প্রতিস্থাপিত হইবে এবং

অতঃপর নিম্নরূপ নূতন দুইটি clause (e) ও (f) সন্নিবেশিত হইবে, যথাঃ—

"(e) the collection of fees through electronically or digitally, and

(f) the mode of refund of fees under section 37:"।

৪। **Act No. VII of 1870 এর section 34 এর সংশোধন**।—উক্ত Act এর section 34 এর sub-section (3) এ উল্লিখিত "five hundred" শব্দগুলির পরিবর্তে "fifty thousand" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

৫। **Act No. VII of 1870 এ নূতন section 37 এর সংযোজন**।—উক্ত Act এর section 36 এর পর নিম্নরূপ section 37 সংযোজিত হইবে, যথা:—

"**37. Mode of refund.—**Fees refundable under this Act or any other law may be refunded through electronically or digitally."।

## উদ্দেশ্য ও কারণ সম্বলিত বিবৃতি

সরকারি বিভিন্ন সেবা গ্রহণের জন্য বিভিন্ন প্রকার ফি দেওয়ার প্রয়োজন হয়। নামজারী, জমির পর্চা ইত্যাদি সেবাসহ সকল প্রকার মামলার কার্যক্রমে প্রতিনিয়ত সাধারণ মানুষকে কোর্ট ফি জমা দিতে হয়। কিন্তু সহজলভ্য না হওয়ায় কোর্ট ফি প্রদানের সময় সাধারণ জনগণ অনেক ক্ষেত্রে হয়রানির শিকার হয়। জনগণের হয়রানি রোধকল্পে, সহজেই এবং দ্রুততার সাথে জনসেবা পৌঁছে দেয়ার স্বার্থে ই-পেমেন্টের মাধ্যমে/অনলাইনে কোর্ট ফি জমার সুযোগ সৃষ্টি করতে বিদ্যমান The Court Fees Act, 1870 এ সংশোধনী আনা অত্যন্ত প্রয়োজন। এ আইনে প্রয়োজনীয় সংশোধনী আনা গেলে কোর্ট ফি ছাপানো, সংরক্ষণ ও পরিবহনের বিশাল ব্যয় হ্রাসসহ জালিয়াতি রোধ করা সম্ভব হবে। একই সাথে তা দেশের সকল শ্রেণির মানুষকে বিভিন্ন প্রয়োজনে কোর্ট ফি জমা দিতে অহেতুক ভোগান্তি থেকে রক্ষা করবে এবং নাগরিক সাধারণের ই-সেবা প্রাপ্তি সহজলভ্য হবে বিধায় The Court Fees Act, 1870 সংশোধন/প্রতিস্থাপন/সংযোজন করা প্রয়োজন। বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার স্বপ্নকে আরো অর্থবহ করে তোলার জন্য বিদ্যমান The Court Fees Act, 1870 সংশোধন করা প্রয়োজন। বিচারপ্রার্থী জনগণ যাতে সহজে, কম খরচে, দ্রুত এবং হয়রানি ব্যতীত কোর্ট ফি জমা দিতে পারে সেজন্য উক্ত আইনের সংশোধন আবশ্যক।

**আনিসুল হক**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

ড. **মোঃ আবদুর রব হাওলাদার**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd